গোপালগঞ্জে চুরির অভিযোগে গণপিটুনিতে নিহত ১



ছবি: সংগৃহীত

গোপালগঞ্জ সদর উপজেলায় চুরির অভিযোগে গণপিটুনিতে বাবুল বিশ্বাস (৪২) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

সোমবার (১৬ নভেম্বর) ভোরে উপজেলার সাতপাড় পশ্চিমপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। বাবুলের বাড়ি কাশিয়ানী উপজেলার সীতারামপুর গ্রামে।

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, রোববার গভীর রাতে সাতপাড় পশ্চিমপাড়া গ্রামের স্বপন বিশ্বাসের বাড়িতে সিঁধ কেটে চুরির চেষ্টা করেন বাবুল। বাড়ির লোকজন বিষয়টি বুঝতে পেরে চিৎকার করলে আশপাশের লোকজন ছুটে আসেন। পালানোর সময় তাঁকে ধাওয়া করে আটক করা হয়। পরে স্থানীয় লোকজন মারধর করলে গুরুতর আহত হন বাবুল।

গ্রাম পুলিশ গৌতম জানান, খবর পেয়ে তাঁকে হাসপাতালে নেওয়ার চেষ্টা করা হয়। তবে হাসপাতালে পৌঁছানোর আগেই তাঁর মৃত্যু হয়। কারা তাঁকে মারধর করেছেন, তা তিনি জানাতে পারেননি।

পুলিশ বাবুলের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য গোপালগঞ্জ জেনারেল হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আমিনুল ইসলাম বলেন, এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে। আইনি প্রক্রিয়া শেষে মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হবে।